

নির্বাচনী তফশীল

তারিখ : ২০-০৯-২০২২

প্রিয় মহোদয়,

দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্রের 'কার্যনির্বাহী পরিষদ নির্বাচন' পরিচালনার জন্য গঠিত নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রীতি ও শুভেচ্ছা জানবেন।

দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্রের গঠনতন্ত্রের ৭ম ধারা অনুসরণ করে কার্যনির্বাহী পরিষদ সভায় (সভা নং: ৭, তারিখ ৭ সেপ্টেম্বর ২০২২) নিম্নে উল্লেখিত সদস্যদের সমন্বয়ে নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্রের গঠনতন্ত্র অনুযায়ী (ধারা ৮.১) আগামী ২২ অক্টোবর ২০২২, শনিবার, সকাল ১০:০০ টায় সংস্থার প্রধান কার্যালয় (ভবন-১), বাড়ি-৭৪১, সড়ক-৯, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকায় '৩০তম বার্ষিক সাধারণ সভা' অনুষ্ঠিত হবে। সাধারণ সভার নির্বাচনী অধিবেশনে "সকল সাধারণ সদস্যর ঐকমত্য ও সমঝোতার ভিত্তিতে বা গোপন ব্যালটের মাধ্যমে প্রতি তিন (৩) বছর পর সাধারণ সভায় কার্যনির্বাহী পরিষদ নির্বাচিত বা মনোনীত হবে।" (ধারা ৭.১)। উক্ত নির্বাচনে ২০২২-২০২৫ সময়কালের জন্য কার্যনির্বাহী পরিষদ গঠিত হবে।

গঠনতন্ত্র অনুযায়ী দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্রের কার্যনির্বাহী পরিষদ অনুমোদিত (ধারা ৩.২.১.৪) ও চূড়ান্ত ভোটার তালিকাভুক্ত (ধারা ৭.৪.১) সাধারণ পরিষদের সদস্যগণ ভোট দানের যোগ্য হিসেবে বিবেচিত হবেন এবং নির্বাচনে প্রার্থী হিসেবে (ধারা ৭.৫) অংশগ্রহণ করতে পারবেন। কার্যনির্বাহী পরিষদের নিম্নে উল্লেখিত পদসমূহের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে (ধারা ৫.৩.৩):

- |                     |   |      |
|---------------------|---|------|
| ১. সভাপতি           | - | ১ জন |
| ২. সহ-সভাপতি        | - | ২ জন |
| ৩. মহাসচিব          | - | ১ জন |
| ৪. যুগ্ম-মহাসচিব    | - | ১ জন |
| ৫. কোষাধ্যক্ষ       | - | ১ জন |
| ৬. সাংগঠনিক সম্পাদক | - | ১ জন |
| ৭. নির্বাহী সদস্য   | - | ৩ জন |

মোট= ১০ জন

নির্বাচনী কার্যক্রম পরিচালনার সময়সূচি নিম্নরূপ:

ক্রমিক	বিষয়	তারিখ	সময়	স্থান
০১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	২০-০৯-২০২২, মঙ্গলবার	বিকাল ৬টা	দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্রের প্রধান কার্যালয় (ভবন-১), বাড়ি-৭৪১, সড়ক-৯, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭
০২	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	২১-০৯-২০২২, বুধবার	বিকাল ৩টা	
০৩	মনোনয়নপত্র সংগ্রহ	১২-১০-২০২২, বুধবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত	
০৪	মনোনয়নপত্র দাখিল	১৩-১০-২০২২, বৃহস্পতিবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত	
০৫	নির্বাচন কমিশন কর্তৃক মনোনয়নপত্র বাছাই	১৬-১০-২০২২, রবিবার	বিকাল ৩টা	
০৬	বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ	১৬-১০-২০২২, রবিবার	বিকাল ৫টা	
০৭	মনোনয়নপত্র প্রত্যাহার	১৮-১০-২০২২, মঙ্গলবার	সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত	
০৮	চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	১৮-১০-২০২২, মঙ্গলবার	বিকাল ৫টা	
০৯	নির্বাচন অধিবেশন/ভোট গ্রহণের তারিখ	২২-১০-২০২২, শনিবার	বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচিভুক্ত। আনুমানিক সময় বিকাল ৩টা	

১. বর্ণিত তারিখে মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিল করা যাবে কার্যনির্বাহী পরিষদের সচিবের কাছে।
২. নির্বাচন কমিশনের সাচিবিক দায়িত্ব পালন করবেন যুগ্ম-পরিচালক (সুশাসন), দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র।

ড. লায়লা আরিজুমান্দ বানু  
সহকারী নির্বাচন কমিশনার

প্রফেসর ড. মাহফুজুল হক  
সহকারী নির্বাচন কমিশনার

প্রফেসর ড. তাজুল ইসলাম  
প্রধান নির্বাচন কমিশনার